উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস)
জোড়দরগা, নীলফামারী।

ল্যাপটপ/ট্যাবলেট পিসি ব্যবহার নীতিমালা ২০২২

Email:uss.nilphamari@gmail.com
Website:www.ussnilphamaribd.org
Cell: +8801716-290736

Approved by

সম্পাদক
উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস)
নীলফামারী।

President
Udayankur Seba Sangstha (USS)
Nilphamari.

১.০ সাধারণ নীতিমালা

১.১ নীতিমালার উদ্দেশ্য

- শিশু , যুব, নারী ও ষ্টাফসহ অন্যান্য ষ্টেকহোল্ডারদের ডাটা সংরক্ষণ করা।
- শিশু, যুব, নারী অধিকারভোগী সহ ষ্টাফদের সুরক্ষিত রাখা।
- অনলাইনে রাষ্ট্রদ্রোহী কাজ থেকে বিরত রাখা।

১.২ সাধারন ব্যবহার :

১. কাজের প্রয়োজনে সবসময় ইমেইল , ইন্টারনেট এবং স্কাইপ ব্যবহার করতে পারবেন। অফিসের সময় ব্যতীত ব্যক্তিগত কাজে ব্যবহার করা যাবে কিন্তু তা পরিমিত/ইতিবাচক হতে হবে এবং কাজের ব্যাঘাত করবে না।
২. মাসিক/ওয়াইফাই ইন্টারনেট প্যাকেজের আওতাধীন থেকে কাজের প্রয়োজনে ডাউনলোড অথবা আপলোড করা যাবে।

১.৩ তথ্যব্যবহার:

কোন প্রকার লিখিত অনুমতি ছাড়া ইয়ুথ লার্ণিং সেন্টার/প্রোগ্রাম/প্রোজেক্টর স্পন্সর, গ্রজুয়েট,স্পন্সরড শিশু, এবং যুবর কোন গোপনীয় তথ্য কাউকে পাঠানো নিষেধ। সকল ল্যাপটপ/ট্যাবলেট পিসি ব্যবহারকারী নিয়মিত ভাবে প্রয়োজনানুযায়ী ল্যাপটপ/ট্যাবলেট নীতিমালা অনুসরন করে ইন্টারনেট ব্রাউজিং করা যাবে এবং প্রয়োজনে গুরুত্বর্পূণ তথ্য সার্ভার অথবা ল্যাপটপ/ট্যাবলেট পিসিতে আপলোড অথবা সংরক্ষণ করবেন।

১.৪ ইন্টারনেট ব্যবহার:

কোন প্রকার শিশু এবং যুব অধিকার বিরোধী অথবা শিশুর এবং যুবর জন্য ক্ষতিকারক, অশ্লীল, আক্রমনাত্মাক অথবা ক্ষতিকারক ওয়েবসাইটে যাওয়া অথবা অনুরুপ তথ্য আদান-প্রদান সম্পূর্ণ নিষিদ্ধ। অপ্রত্যাশিতভাবে অনুরুপকে কোন ওয়েবসাইট খুলে গেলে তা তাৎক্ষনাৎ বন্ধ করুন এবং আপনার ম্যানেজারকে অবহিত করুন।

১.৫ এসএমএস /এমএমএস ব্যবহার:

কোন প্রকার শিশু এবং যুব অধিকার বিরোধী অথবা শিশু এবং যুবর জন্য ক্ষতিকারক , অশ্লীল, আক্রমনাত্মাক, ক্ষতিকারক অবৈধ অথবা নিষিদ্ধ এসএমএস/এমএমএস পাঠানো নিষেধ।

১.৬ স্কাইপ ব্যবহার:

অফিসের দেওয়া ট্যাবলেট/ল্যাপটপ ব্যবহার করে কোন প্রকার শিশু অধিকার বিরোধী অথবা শিশুর জন্য ক্ষতিকারক, অশ্লীল, আক্রমনাত্মক, অথবা অবৈধ বিষয়ে স্কাইপে যোগাযোগ নিষেধ। যেমন, কাইকে হুমকি দেয়া, কাউকে প্রতারণা করা, অপমান করা অথবা যৌন হয়রানী করা ইত্যাদি সম্পূর্ণ নিষেধ।

১.৭ ইন্সটলেশন এবং কনফিগারেশন : (প্রতিস্থাপন/পরিবতন)

(ক) বিনা অনুমতিতে কোন প্রকার নতুন সফটওয়ার , হার্ডওয়ার অথবা সেটিং পবিবতন অথবা প্রতিস্থাপন করা নিষেধ।
(খ) ইউএসএস এর মালিকানাধীন কোন সফটওয়ার অন্য কারো সাথে বিনিময় করা নিষেধ।
(গ) বিনা অনুমতিতে কোন প্রকার অবিশ্বস্ত ওয়বেসাইট, মোবাইল, ল্যাপটপ, ট্যাবলিট পিসি থেকে কোন রকম তথ্য আদান-প্রদান নিষেধ।

১.৮ ইমেইল ব্যবহার:

অফিসের দেওয়া ল্যাপটপ, ট্যাবলেট অথবা ব্যক্তিগত ইমেইল আইডি ব্যবার করে কোন প্রকার শিশু এবং যুব অধিকার বিরোধী অথবা শিশুরজন্য এবংযুবর ক্ষতিকারক, অশ্লীল, আক্রমনাত্মক ক্ষতিকারক অথবা অবৈধ বিষয়ে ইমেইল দেওয়া নিষেধ। যেমন: কাউকে হুমকি দেওয়া, কাউকে প্রতারণা বা অপমান করা, অবৈধ লেনদেন, যৌনহয়রানী ইত্যাদি করা সম্পূর্ণ নিষেধ।

২.০ ল্যাপটপ/ ট্যাবলেট পিসি ব্যবহারের নিরাপত্তা:

১। অনেকক্ষন যাবৎ ব্যবহার হবেনা এমন সম্ভাবনা থাকলে ল্যাপটপ/ট্যাবলেট পিসি বন্ধকরে রাখুন। আর স্বল্প সময়ের জন্য হলে লক করে রাখুন।

২। অবশ্যই অপরিস্কার হাতে ল্যাপটপ /ট্যাবলেট পিসি ব্যবহার করবেন না। যেমন, তৈলাক্ত বা আঠালো খাবার খাওয়ার সময় বাপরে, অথবা হাতে পানি বা ঘাম থাকা অবস্থায়।

৩। অবশ্যই তরল এবং চুম্বকজাতীয় পদার্থ ল্যাপটপ, ট্যাবলেট পিসির সাথে বা আশে-পাশে রাখবেন না।

৪. নিয়মিত ল্যাপটপ , ট্যাবলেট পিসি চার্জ দিন।

৫। ল্যাপটপ, ট্যাবলেট পিসির পাসওয়াড কারও সাথে বনিময় করবেন না।

৬। অরক্ষিত কোন জায়গায় ল্যাপটপ, ট্যাবলেট পিসি রেখে স্থান ত্যাগ করবেন না।

৭। অবশ্যই অফিস প্রদত্ত ল্যাপটপ /ট্যাবলেট পিসির কভার /ঢাকনা/ ব্যাগ ব্যবার করবেন।

৮। টেকনিক্যাল কোন সমস্যা হলে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।

৯। শিশু এবং যুব অধিকার বিরোধী অথবা শিশুর এবং যুবর জন্য ক্ষতিকারক এমন কোন কার্যক্রম করা সম্পূর্ণ নিষেধ।

১০। ল্যাপটপ/ট্যাবলেট পিসি ব্যবহারের পূর্বে ও পরে যথাযথ ভাবে রেজিষ্টারে এন্ট্রিসহ সংশ্লিষ্ট ইনোভেশন লিডের কাছে জমা দিতে হবে।

৩.০ ল্যাপটপ/ট্যাবলেট পিসি বহনের, অপ্রয়োজনীয় ভিডিও এবং ছবি সংরক্ষণ নির্দেশনা:

ল্যাপটব/ট্যাবলেট পিসি বহনের সময় ব্যবহারকারীকে অবশ্যই সচেতন থাকতে হবে এবং নিম্নোক্ত নির্দেশনা মেনে চলতে হবে।

১. অপ্রয়োজনীয় ভিডিও এবং ছবি সংরক্ষণ করা যাবে না।

৪.০ ট্যাবলেট/পিসি সংক্রান্ত কোন অঘটন ঘটলে করণীয়:

অঘটন বলতে ল্যাপটপের, ট্যাবলেটপিসি ব্যবহারে কোন প্রকার শিশু এবং যুবর অধিকার ক্ষুন্ন হয়েছে এমন কোন অঘটনকে বোঝানো হয়েছে। এসব ক্ষেত্রে করণীয়:প্রথমে ব্যবারকারী অবশ্যই সমস্ত ঘটনার বিবরণসহ যথাযত কর্তৃপক্ষের নিকট একটি পত্র লিখবেন।চুরি/ডাকাতি/ছিনতাই বা অনুরুপ কোন ঘটনা ঘটিলে অবশ্যই নিকটস্থ থানায় একটি সাধারণ ডায়েরি করতে হবে এবং তার একটি অনুলিপি উপরল্লেখিত পত্রের সাথে জমা দিতে হবে।

৪.১ ট্যাবলেট/ট্যাবলেট পিসির ব্যবহার পর্যবেক্ষণ:

ইউএসএস এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেকোন সময় আপনার ব্যবহৃত ল্যাপটপ/ট্যাবলেট পিসির ব্যবহার পর্যবেক্ষণ করতে পারবেন।

৪.২ আইনি দায়:

যদি কোন প্রকার অনৈতিক কার্যক্রম আপনার ব্যবহৃত ল্যাপটপ,ট্যাবলেট পিসি ব্যবহারের মাধ্যমে এবং সময়ে হয়ে থাকে অথবা পর্যবেক্ষণে পরিলক্ষিত হয় তাহলে তদন্তের স্বার্থে ব্যবহারকারীকে অবশ্যই ল্যাপটপ, ট্যাবলেট পিসিতে ব্যবহৃত যাবতীয় তথ্য ইউএসএস এর যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রকাশ করতে হবে। রাষ্ট্রবিরোধী কোন তথ্য শেয়ার করা যাবে না, কমেন্ট করা যাবে না, এমনকি লাইক দেয়া যাবে না ।প্রয়োজনে ব্যবহারকারী ষ্টাফ/ যুবকে সাময়িক/স্থায়ীভাবে বহিস্কার/লার্ণিং সেন্টারে নিষিদ্ধ করা হবে। এই নীতিমালা পর্যালোচনা করে অনুমোদন দেওয়া হল।

স্বাক্ষর

মো. রজব আলী সরকার
সভাপতি
ইউএসএস, নীলফামারী।

ভূবন চন্দ্র রায়
সম্পাদক
ইউএসএস, নীলফামারী।

স্বীকারোক্তি

আমি ইউএসএস এর ল্যাপটপ, ট্যাবলেট পিসি নীতিমালায় বর্ণিত সমস্ত শর্তাবলী বুঝেছি এবং মেনে চলার সম্মতি দিচ্ছি। আমি এই মর্মে আরও সম্মতি দিচ্ছি যে, এই পিসি ব্যবহার সংক্রান্ত যে কোন কার্যক্রম যে কোন সময় ইউএসএস পর্যবেক্ষণ করতে পারবে। আমি এও বুঝেছি যে যে কোনও প্রকার নীতিমালা লঙ্ঘনের জন্য চাকুরী বাতিল/ইয়ুথ লার্ণিং সেন্টারে প্রবেশ করতে পারব না এমনকি ফৌজদারী মামলা রুজুসহ শাস্তিমূলক ব্যবস্থা হতে পারে।

নাম	স্বাক্ষর	তারিখ